



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৫০২.২৫.০০১.১৯.৭৯৯

তারিখ : ৩০ মার্চ ২০২২ খ্রি.

প্রেস রিলিজ


ঢাকা, ৩০.০৩.২০২২ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত 'স্বাধীনতার ৫১ বছর: উন্নয়ন অগ্রযাত্রা এবং গণমাধ্যম' শীর্ষক একটি সেমিনার ও সম্মাননা প্রদান অনুষ্ঠান ৩০ মার্চ ২০২২ খ্রি. তারিখ বুধবার সকাল ১০:৩০মি. ইনস্টিটিউটের শেখ রাসেল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, প্রধান অতিথি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ মকবুল হোসেন পিএএ বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) বেগম শাহিন ইসলাম, এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ডা. এম. আমজাদ হোসেন, বীর মুক্তিযোদ্ধা জনাব ম. হামিদ, বীর মুক্তিযোদ্ধা জনাব আশরাফুল আলম এবং বীর মুক্তিযোদ্ধা মিজ শাহীন সামাদকে সম্মাননা প্রদান করা হয়।

সেমিনারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটসহ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়স্বীকৃত বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মাধ্যমের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।


আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/ দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি বেতারসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।